

তথ্য অধিকার বিষয়ে কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর আওতায় তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে
জনসচেতনতা বৃদ্ধির জন্য স্টেকহোল্ডারদের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ জাহাঙ্গীর আলম, উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা
সভার স্থানঃ সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা
তারিখঃ ২১-১২-২০২৩ খ্রিষ্টাব্দ
সময়ঃ সকাল ১০.০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের উপস্থিতি পরিশিষ্ট “ক”

সভাপতি সভায় উপস্থিত স্টেকহোল্ডারদের স্বাগত জানিয়ে তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বিষয়ক সভার কাজ আরম্ভ করেন। তিনি তথ্য অধিকার আইন-২০০৯ মোতাবেক তথ্য প্রাপ্তির আবেদন, তথ্য না পেলে আপিল করার পদ্ধতি, অভিযোগ দায়ের, জরিমানা ইত্যাদি বিষয়ে আলোচনা করেন। তিনি জানান যে সরকারী যে কোন সেবা বা কার্যক্রম সম্পর্কে জনগনকে অবহিত করতে হবে এবং জনগনের চাহিদা মোতাবেক তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী তথ্য সরবরাহ করার জন্য তথ্য অধিকার আইন ২০০৯ প্রণয়ন করা হয়েছে। তিনি তথ্য প্রদানকারী এবং তথ্য গ্রহণকারীর ব্যক্তির পারস্পরিক সমন্বয়গতির মাধ্যমে তথ্য অধিকার আইন ২০০৯ বাস্তবায়নের গুরুত্ব প্রদান করেন। সভায় তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র:নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত
১.	তথ্য প্রাপ্তি	যে কোন ব্যক্তি তথ্য প্রাপ্তির জন্য নির্ধারিত ফর্মে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট লিখিতভাবে বা ইলেকট্রনিক মাধ্যম বা ইমেইলে আবেদন করতে পারবে।
২	সভা	উপজেলা মৎস্য দপ্তর সংশ্লিষ্ট অংশীজনের সমন্বয়ে তথ্য অধিকার আইন-২০০৯ জনসচেতনতা বৃদ্ধিমূলক সভা পরিচালনা করবেন এবং মাসিক সমন্বয় সভায় আলোচনা করবেন।
৩	তথ্য প্রাপ্তির অনুরোধ ফি	লিখিত কোন ডকুমেন্টের কপি (ম্যাপ, নকশা, ছবি, কম্পিউটারের প্রিন্টসহ): এ-৪ ও এ-৩ কাগজের ক্ষেত্রে ২ (দুই) টাকা হারে সরকারী কোন আইন ও বিধিবিধান : বিনামূল্যে

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে গুরুত্বপূর্ণ মতামত প্রদান করায় ধন্যবাদ জানিয়ে সভার কাজে সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ জাহাঙ্গীর আলম)
পরিচিতি নম্বর ০০২২০
উপপরিচালক
মৎস্য অধিদপ্তর
খুলনা বিভাগ, খুলনা
ফোন-০২৪৭৭৭০১০১৯(অ)